

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ৫. ২. অমানবিক ক্রয়বিক্রয়

বাইবেল থেকে প্রতীয়মান হয় যে, অতি সাধারণ একটা পরিবারের সদস্যদের মধ্যে যে ধার্মিকতা, ভালবাসা ও সৌজন্যবোধ বিদ্যমান থাকে ঈশ্বরের পুত্র এবং প্রথমপুত্র ইসরাইল (যাকোব), তাঁর মাতা এবং তাঁর পরিবারে তার ছিটেফোঁটাও ছিল না। এ প্রসঙ্গে বড় ভাই ইস ও ছোটভাই ইয়াকুবের গল্পটা উল্লেখ করা যায়:

"একদিন ইয়াকুব ডাল রান্না করেছেন, এমন সময় ইস্ ক্লান্ত হয়ে মরুপ্রান্তর থেকে এসে ইয়াকুবকে বললেন, আমি ক্লান্ত, আরজ করি, ঐ লাল, লাল দিয়ে আমার উদর পূর্ণ করো। ... তখন ইয়াকুব বললেন, আজ তোমার জ্যেষ্ঠাধিকার আমার কাছ বিক্রি করো। ইস্ বললেন, দেখ, আমি মৃতপ্রায়, জ্যেষ্ঠধিকারে আমার কি লাভ? ইয়াকুব বললেন, তুমি আজ আমার কাছে কসম খাও। তাতে তিনি তাঁর কাছে কসম খেলেন। এভাবে তিনি তাঁর জ্যেষ্ঠধিকার ইয়াকুবের কাছে বিক্রি করলেন। আর ইয়াকুব ইস্কে রুটি ও মসুড়ের রান্না করা ডাল দিলেন এবং তিনি ভোজন পান করলেন, পরে উঠে চলে গেলেন। এভাবে ইস্ তাঁর জ্যেষ্ঠিধিকার তুচ্ছ করলেন।" (আদিপুস্তক/প্রদায়েশ ২৫/২৯-৩৪, মো.-১৩)

ইস বা এমৌ-এর ধার্মিকতার নমুনা দেখুন! যে জ্যেষ্ঠাধিকারের কারণে তিনি ঈশ্বরের ভাববাদিত্ব, সকল বরকত ও কল্যাণ লাভ করতেন, সে অধিকার তিনি এভাবে সামান্য রুটি আর ডালের বিনিময়ে বিক্রয় করে দিলেন! সম্ভবত ভাববাদিত্ব, বরকত, কল্যাণ ইত্যাদি বিষয় তাঁর নিকট এই রুটি ও ডালের চেয়ে কম দামি ছিল!!

এরপর ইয়াকুব বা যাকোবের ভ্রান্থপ্রেম, মানবতা ও দানশীলতার নমুনা দেখুন! ক্ষুধার্ত ও ক্লান্ত বড় ভাইকে তিনি সামান্য খাদ্যও বিনিময় ছাড়া দিলেন না! ভ্রান্থপ্রেম ও করুণার কোনো বালাই নেই! সবকিছুই ক্রয় ও বিক্রয়!! এরপর বাইবেলের মহানুভবতা দেখুন। সহোদরের অসহায়ত্বের সুযোগে অধিকার হরণের জন্য ইয়াকুবকে একবারও দোষ দেচ্ছে না, কিন্তু ক্ষুধা ও ক্লান্তির তাড়নায় ভাইয়ের অন্যায় দাবি মানার কারণে ইস-এর নিন্দা করছে বাইবেল!

পাঠক এবার ইস এবং ইয়াকুবের উভয়ের স্থানে আপনাকে অথবা সমাজের সাধারণ একজন মানুষকে কল্পনা করুন। আপনি অত্যন্ত ক্ষুধার্ত হয়ে আপনার ছোট ভাইয়ের বাড়িতে যেয়ে খাবার চাইলেন। ছোট ভাই একটা দলিল এনে আপনাকে বললেন, এখানে সই করে আপনার সকল বা কিছু সম্পদ বা অধিকার আমাকে লেখে দিলে আপনাকে এক বাটি ডাল ও কয়েকটা রুটি খেতে দেব! আপনি তৎক্ষণাৎ সই করে দেবেন? আপনি কি বলবেন, আমি যেহেতু ক্লান্ত ও ক্ষুধার্ত সেহেতু ভবিষ্যতের অধিকার বা সম্পদ দিয়ে আর কি হবে?

যদি আপনি ছোট ভাই হতেন এবং আপনার বড় ভাই এভাবে আসতেন তবে আপনি কি করতেন? ক্ষুধার্ত সহোদরকে দেখলে আপনার মনে কি মমতা জাগত? তাকে কি কিছু খাদ্য দিতে মন চাইত? না তৎক্ষণাৎ আপনি তার ক্লান্তি ও ক্ষুধার সুযোগ নিয়ে তার সম্পতি বা অধিকার লেখে নিতে চাইতেন?



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14317

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন